



## সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহে ২০২৩ শিক্ষাবর্ষে অন-লাইনে আবেদন ফরম পূরণের নিয়মাবলী

**বিষয়:** মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন ২০২৩ শিক্ষাবর্ষে বিভাগীয় শহর, জেলা ও উপজেলা পর্যায়ে অবস্থিত সকল সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে Web ও SMS এর মাধ্যমে ভর্তির আবেদনপত্র পূরণ ও ফি প্রদান করা সংক্রান্ত নিয়মাবলী।

০১। আবেদন ফরম পূরণ: ভর্তি প্রক্রিয়ায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থী <https://gsa.teletalk.com.bd> এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ ও Teletalk Pre-paid Mobile নম্বর হতে SMS এর মাধ্যমে আবেদন ফি প্রদান করে ভর্তির আবেদনের কার্যক্রম সম্পন্ন করতে পারবেন।

০২। আবেদন দাখিলের সময়সীমা:

- Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ: ১৬/১১/২০২২ খ্রি. সকাল ১১:০০ টা।
- Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ: ০৬/১২/২০২২ খ্রি. বিকাল ০৫:০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit করে User ID পাবেন। প্রাপ্ত User ID ব্যবহার করে Teletalk Pre-paid Mobile নম্বর হতে SMS এর মাধ্যমে আবেদন ফি জমা দিতে পারবেন। আবেদনপত্র জমাদানের শেষ তারিখ অর্থাৎ ০৬/১২/২০২২ খ্রি. বিকাল ০৫:০০ টার মধ্যে যে সকল শিক্ষার্থী আবেদন করে User ID পেয়েছেন সে সকল শিক্ষার্থীগণ ০৬/১২/২০২২ দিবাগত রাত ১২:০০ মিনিট পর্যন্ত আবেদন ফি জমা দিতে পারবেন।

Web Application Form পূরণ এর নিয়মাবলী:

- <https://gsa.teletalk.com.bd> ওয়েবসাইটে Browse করে আবেদনপত্র পূরণ ও Submit করতে পারবেন।
- Online-এ আবেদনপত্রের নির্দেশনা মতে প্রার্থী তার সকল তথ্য পূরণ করবেন। যে সকল প্রার্থী বিভিন্ন কোটায় আবেদন করবেন তাদের কোটার বিষয়টি অবশ্যই উল্লেখ করতে হবে। অন্যথায় কোটা বিবেচনা করা সম্ভব হবে না।
- Online-এ আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে JPEG ফরমেটে নির্ধারিত স্থানে Upload করবেন।
- Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID- সহ ছবি Applicant's copy পাবেন।
- প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট অথবা Download কপি ভর্তি সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।
- Online-এ আবেদনপত্রে সরবরাহকৃত বাছাইকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদন প্রেরণ করার পূর্বেই সরবরাহকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

SMS এর মাধ্যমে আবেদন ফি প্রদানের নিয়মাবলী:

- Applicant's কপিতে প্রাপ্ত User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid Mobile নম্বর হতে ০২(দুই) টি SMS করে আবেদন ফি বাবদ প্রতিটি Application এর জন্য ১১০/- টাকা জমা দিবেন।
- প্রথম SMS: GSA<space>User ID (Web Application হতে প্রাপ্ত) লিখে Send করতে হবে 16222 নম্বরে  
উদাহরণ: GSA<space>ABCDEF লিখে Send করতে হবে 16222 নম্বরে।
- ফিরতি SMS এ শিক্ষার্থীর নামসহ একটি PIN নম্বর পাওয়া যাবে। যা ব্যবহার করে দ্বিতীয় SMS-টি করতে হবে।
- দ্বিতীয় SMS: GSA<space>YES<space>PIN (প্রথম SMS হতে প্রাপ্ত) লিখে Send করতে হবে 16222 নম্বরে।  
উদাহরণ : GSA<space>yes<space>123456 লিখে Send করতে হবে 16222 নম্বরে।

- এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online-এর আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও ভর্তির আবেদন ফি জমা না দেওয়া পর্যন্ত Online-এর আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।
- মূল ভর্তি কার্যক্রম সম্পাদন ও এ সংক্রান্ত তথ্য উপাত্ত সংগ্রহের জন্য অন্যের উপর নির্ভরশীল না হয়ে নিজেই প্রক্রিয়াটি সম্পন্ন করতে একটি টেলিটক প্রি-পেইড সীম সংরক্ষণ করুন।
- Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে ভর্তি সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা এবং SMS- এর মাধ্যমে প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।


User ID এবং PIN পুনরুদ্ধার পদ্ধতি:

কেবল টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

- User ID জানা থাকলে GSA<space>Help<space>User<space>User ID & Send to 16222  
Example: GSA Help User ABCDEF & Send to 16222
- PIN Number জানা থাকলে GSA<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222  
Example: GSA Help PIN 1234567 & send to 16222

ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য সংশ্লিষ্ট জেলা ও উপজেলা ভর্তি কমিটি/প্রধান শিক্ষকের নোটিশ বোর্ড থেকে জানা যাবে।

Login করার পর স্ক্রলের ভর্তি সংক্রান্ত তথ্য ইনপুট দেয়ার পর সেভ করে 'Summary' বাটনে ক্লিক করলে পূরণকৃত সকল তথ্য প্রদর্শিত হবে যা প্রিন্ট করে রাখা যাবে। কোনো তথ্য পরিবর্তনের প্রয়োজন হলে পুনরায় সঠিক তথ্য সেভ করে পুনরায় 'Summary' বাটনে ক্লিক করে তথ্যের প্রিন্ট কপি সংরক্ষণ করুন।

  
১৪.১১.২০২২

(মোহাম্মদ আজিজ উদ্দিন)  
উপপরিচালক (মাধ্যমিক)

ও

সদস্য সচিব

ঢাকা মহানগরী সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের ভর্তি কমিটি

ফোন : ০২-৪১০৫০২৮৩

[dd-sec@dshe.gov.bd](mailto:dd-sec@dshe.gov.bd)